

তারিখ: ১১.০৮.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## চট্টগ্রামের শিক্ষার মান বৃদ্ধিতে চসিকের প্রচেষ্টা অব্যাহত থাকবে: মেয়র

চট্টগ্রামের শিক্ষাক্ষেত্রে মানোন্নয়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগ অব্যাহত থাকবে বলে জানিয়েছেন মেয়র ডা. শাহাদাত হোসেন। সোমবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে আয়োজিত হালিশহর আহমদ মিয়া সি/ক বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম সিটি কর্পোরেশন হাতেখড়ি স্কুল এন্ড কলেজ ও দেওয়ানহাট সিটি কর্পোরেশন কলেজের নবগঠিত গর্ভনিং বডি'র সভায় তিনি এসব কথা বলেন। মেয়র বলেন, শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করা আমাদের অঙ্গীকার। এজন্য আধুনিক শিক্ষা ব্যবস্থা, অবকাঠামো উন্নয়ন ও শিক্ষক প্রশিক্ষণের ক্ষেত্রে চসিক ধারাবাহিকভাবে কাজ করে যাবে। মেয়র আরো বলেন, আমাদের স্কুল-কলেজের শিক্ষার মান আগের তুলনায় উন্নত হয়েছে। আমি চাই এই উন্নতির ধারাবাহিকতা বজায় রেখে আমরা আরও ভালো করবো। এ বছর এসএসসি পরীক্ষায় যারা জিপিএ-৫ পেয়েছে, আগামী ২১ আগস্ট বড় আয়োজনের মধ্যে দিয়ে তাদের সংবর্ধনা দেওয়া হবে। সভায় তিনটি প্রতিষ্ঠানের গর্ভনিং বডি'র সদস্যরা শিক্ষার মানোন্নয়নে নানা প্রস্তাব তুলে ধরেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হালিশহর আহমদ মিয়া সি/ক বালিকা উচ্চ বিদ্যালয়ের পক্ষে এম.এ আজিজ, মোহাম্মদ হানিফ, মো: কামাল, মো: কামাল উদ্দিন, শাহেদা খানম, তন্দ্রা সাহা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন হাতেখড়ি স্কুল এন্ড কলেজের পক্ষে মার্ক স্বদেশ বড়ুয়া, মোঃ শাহাদাৎ হোসাইন, মোহাম্মদ সেকান্দর, মোহাম্মদ হাসান রুবেল, রোকসানা বেগম, মো: মহিউদ্দিন, দেওয়ানহাট সিটি কর্পোরেশন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কামরুন্নাহার বেগম।



## শহীদদের আদর্শে দেশ গড়তে হবে: মেয়র ডা. শাহাদাত হোসেন

জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের ত্যাগকে স্মরণ ও শ্রদ্ধা জানাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ ঠিকাদারদের উদ্যোগে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ের সংলগ্ন বায়তুল মুয়াজ্জম মসজিদে সোমবার দুপুরে মিলাদ ও দোয়া মাহফিল এবং দুস্থদের মাঝে খাবার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। বক্তব্যে তিনি বলেন, জুলাই শহীদরা দেশের জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছেন। তাদের ত্যাগ ও আদর্শ আগামী প্রজন্মের জন্য অনুকরণীয় উদাহরণ হয়ে থাকবে। আমরা যেন তাদের আত্মত্যাগের চেতনা বুকে ধারণ করে ন্যায়, সত্য ও জনগণের কল্যাণে কাজ করি। তিনি আরও বলেন, শহীদদের জন্য দোয়া করা আমাদের নৈতিক দায়িত্ব, একইসাথে তাদের স্বপ্ন বাস্তবায়নে ঐক্যবদ্ধভাবে কাজ করাই হবে তাদের প্রতি প্রকৃত শ্রদ্ধা নিবেদন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক ইয়াসিন চৌধুরী লিটন, মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক হারুন জামান, মো: শহীদ, আলাউদ্দিন, মাহমুদ, মো: ইকরাম, ইদ্রিস আলী, আবু হালেহ, মহসিন কবির আপেল, আলিম উদ্দিন রুবেল, মাহবুব, আলমগীর, জুয়েল সহ সাধারণ ঠিকাদারবৃন্দ।

## দ্রুতই বর্জ্য থেকে নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন করা হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেনের সাথে আজ সোমবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে বৈঠক করেছেন জাপানের পরিবেশ মন্ত্রণালয় (MOEJ) ও জাপানি প্রতিষ্ঠান জেএফই ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনের প্রতিনিধিদল। বৈঠকে নগরের বর্জ্য ব্যবস্থাপনা ও নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন বিষয়ক সমন্বিত প্রকল্পের অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা হয়। প্রতিনিধি দলটি জানায়, জেএফই ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন জানিয়েছে, তারা ২০২৫-২৬ অর্থবছরে চসিক এলাকায় সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা (Integrated Waste Treatment) প্রকল্পের দ্বিতীয় ধাপের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করবে। এর লক্ষ্য হলো নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন, জ্বালানি-উৎপাদিত কার্বন ডাই-অক্সাইড নির্গমন হ্রাস এবং আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা ব্যবস্থা গড়ে তোলা। “সম্ভাব্যতা সমীক্ষায় প্রকল্প বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ নিরূপন করা সম্ভব হবে। বিশেষ করে জ্বালানি

উৎপাদনযোগ্য বর্জ্যের পরিমাণ চিহ্নিতকরণ, প্রাপ্ত বর্জ্যকে কাচামাল হিসেবে ব্যবহারের উপযোগী করা এবং সর্বোপরি প্রকল্পটিকে সফল করতে তথ্য ও কারিগরি দিকের অনুসন্ধান করা হবে।”এসময় মেয়র বলেন, "আমি অনতিবিলম্বে বর্জ্য থেকে নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন কার্যক্রম শুরু করতে চাই। বেশ কিছু প্রতিষ্ঠান এ বিষয়ে আগ্রহ দেখালেও প্রকল্প বাস্তবায়নে ভূমি ক্রয়, যন্ত্রপাতি ক্রয় ও ব্যবহার করা বেশ চ্যালেঞ্জিং। তবে, জাপান এ ব্যাপারে কাজ করেছে দেখে আমি আশান্বিত এবং এ প্রকল্প বাস্তবায়নে আমি সর্বোচ্চ সহযোগিতা করব। কারণ, বর্জ্য যথাযথ ব্যবস্থাপনা না হওয়ায় নগরীতে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে এবং পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে।"

প্রতিনিধি দলে ছিলেন জাপানের পরিবেশ মন্ত্রণালয়ের উপদেষ্টা ইজি কোহগা, জেএফই ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনের জেনারেল ম্যানেজার তাকাহাশি জেন, জেএফই বাংলাদেশের কান্দি ম্যানেজার ওওহাশি কেণ্টা, মার্কেটিং ম্যানেজার ভাস্কার সাহা, ইয়াচিও ইঞ্জিনিয়ারিং কোং লিমিটেড. জাপানের ম্যানেজার মাসায়ুকি শিজো, প্রফেশনাল নাওকি উএহাতা ও অ্যাসোসিয়েট টোটা তাকাগি; ইয়াচিও ইঞ্জিনিয়ারিং-এর স্থানীয় বিশেষজ্ঞ আবুল হাসনাত মো. আশরাফুল আলম; এবং পিটি আনুনিয়া মিত্রা অপটিমা (AMO)-এর পরামর্শক মাহমুদ ইবনে সাদেক ও তানভীর আহমেদ। বৈঠকে চট্টগ্রামের পরিবেশবান্ধব নগর গঠনে জাপান ও চসিকের মধ্যে প্রযুক্তিগত ও কারিগরি সহায়তা বৃদ্ধির ওপর গুরুত্ব দেওয়া হয়। এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের সচিব মো. আশরাফুল আমিন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার ইখতিয়ার উদ্দিন আহমেদ চৌধুরী, প্রধান প্রকৌশলী আনিসুর রহমান, ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা মোঃ শরফুল ইসলাম মাহি প্রমুখ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮